

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকট্রিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেষ্টার

কোর্স কোড : BENG-G-DSE-T-2

(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) ‘চমকিয়া রাজা তলোয়ার নিয়া উঠিলেন’ — কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে? রাজা চমকে উঠে কী দেখলেন?
- খ) মৎস্য অবতারে বিষুও মনুকে কী বলেছিলেন?
- গ) কারা, কীভাবে ইন্দ্রকে তাড়িয়ে দিয়ে স্বর্গ পৃথিবী দখল করে নেয়?
- ঘ) “রাজার মনের আনন্দ ধরে না” — রাজার এইরকম অনুভূতির কারণ কী? এই আনন্দে তাঁর ঘোষণা কী ছিল?
- ঙ) ‘খিচুড়ি’ কবিতায় সুকুমার রায়ের উল্লিখিত কয়েকটি অন্তুত প্রাণীর নাম লেখো।

(পরের পাতায়)

- চ) “প্রভু যদি তুষ্ট হইয়া থাকেন তবে দয়া করিয়া আমাকে
গঙ্গা আনিবার উপায় করিয়া দিন” — গঙ্গা আনিবার
উপায় সম্পর্কে কী বলেছিল ?
- ছ) “মালী ফুল আনিতে গেল” — মালী কোথায় ফুল আনতে
গিয়েছিল ? সেখানে কী ফুল ফুটেছিল ?
- জ) খড়োর মুখে গুঁগা শুনে সবাই কী বলেছিলো ?
- ঝ) ফেলুদা মনিমোহনবাবুর কাছ থেকে দুদিন সময় চেয়ে
নিয়েছিলেন কেনো ?
- ঞ) “এই খেয়েই তোম লোককো দেশকো এইসা দশা”
— কার উক্তি ? কোন্ প্রসঙ্গে এমন উক্তি করেছেন ?
- ট) “কথাটা যেন ভদ্রলোকের বিশ্বাসই হচ্ছে না”
— ভদ্রলোকটি কে ? কোন্ কথা তার বিশ্বাস হয় নি ?
- ঠ) শিব ঠাকুরের দেশে পদ্য লেখকদের কোন শাস্তির মুখোমুখি
হতে হয় ?
- ড) প্রোফেসর শঙ্কু সকালে কোথায় বেড়াতে যান ? তিনি
ডাক্তার দেখানোর জন্য কত টাকা দিয়েছিলেন ?
- ঢ) ‘গন্ধবিচার’ কবিতায় রাজামশাই গন্ধ পেয়ে মন্ত্রীকে কী
জিজ্ঞাসা করেছিলেন ? মন্ত্রীর উত্তর কী ছিল ?
- ণ) রক্তমুখী নীলা চুরি তদন্তের ভার কে গ্রহণ করেন ? তিনি
কতদিনের মধ্যে চোর ধরেন ?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$

- ক) “একবার দেখে যাও ডাক্তারি কেরামৎ” — কোন্ কবিতার
অংশ ? বক্তা ডাক্তারির কেরামৎ দেখাতে চেয়েছেন
কীভাবে ?

- খ) “অর্থাৎ এও আপনাদের একটা ফ্যামিলি নাটক” — কোন্‌
প্রসঙ্গে ফেলুন্দা এই কথাটি বলেছেন? নাটক সম্পর্কে কী
জানা যায়?
- গ) রাক্ষসের দেশে পৌঁছে নীলকমল-লালকমলের অভিজ্ঞতা
কী হয়েছিল সংক্ষেপে লেখো।
- ঘ) বিষ্ণুর বরাহ অবতারের ঘটনাটি সংক্ষেপে লেখো।
- ঙ) “বর্মিবাঙ্গ পাওয়া যাচ্ছে না” — কোন্‌ প্রসঙ্গে এমন উক্তি
করা হয়েছে? এরপর ঘটনা কী হয়েছিল সংক্ষেপে লেখো।
- চ) ‘সত্যান্বেষী’ গল্পে অনুকূল বাবুর চরিত্র সংক্ষেপে লেখো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$
- ক) ‘প্রোফেসর শঙ্কু ও খোকা’ গল্পে কল্পবিজ্ঞানের স্বাদ কতটা
পাওয়া যায় তা খোকা চরিত্রের আলোকে বিচার করো।
- খ) বিচার ব্যবস্থার প্রতি বিদ্রোহ কীভাবে আপাত হাস্যের
মধ্যে দিয়ে ব্যক্ত হয়েছে তা ‘একুশে আইন’ কবিতা
অবলম্বনে আলোচনা করো।
- গ) ‘পদিপিসির বর্মিবাঙ্গ’ গল্পে হাস্যরস কতখানি চমকপ্রদ
তা সংক্ষেপে ব্যাখ্যা করো।
- ঘ) ‘শিয়াল পণ্ডিত’ গল্পে শিয়ালের চাতুরীর পরিচয় কীভাবে
পাওয়া যায় তা বুঝিয়ে দাও।
-